

উপজেলা পরিষদ
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

স্মারক নং- ২০৫


তারিখঃ ১২.০৮.২০২১ খ্রিঃ।

নোটিশ

আগামী ১৮.০৮.২০২১ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় নেত্রকোণা সদর, উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্ট্যাভিং কমিটির সভা মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর মহোদয়ের সভাপতিত্বে তাঁর অফিস কক্ষে অনুষ্ঠিত হবে।

উক্ত সভায় সংশ্লিষ্ট সকল সম্মানিত সদস্যকে নির্ধারিত সময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।

প্রাপকঃ
.....
নেত্রকোণা সদর, নেত্রকোণা।


অফিসার ইনচার্জ
নেত্রকোণা মডেল থানা
ও
সদস্য সচিব
আইন-শৃংখলা বিষয়ক স্ট্যাভিং কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা।

অনুলিপি সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।

নেত্রকোণা সদর, উপজেলা পরিষদের আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতি : মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
সভার স্থান : মহিলা ভাইস চেয়ারম্যান এর অফিস কক্ষ।
সভার তারিখ : ১৮.০৮.২০২১ খ্রিঃ।
সময় : ১১.০০ ঘটিকা।
সভায় উপস্থিত সদস্যগণের স্বাক্ষর হাজিরা খাতায় সংরক্ষিত।

সভার শুরুতেই সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অতঃপর সভা পরিচালনার জন্য অফিসার ইনচার্জ ও সদস্য সচিব, আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি কে অনুরোধ জানান। অফিসার ইনচার্জ প্রথমেই পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করেন এবং কারও কোন আপত্তি না থাকায় অনুমোদিত ও গৃহীত হয়।

অফিসার ইনচার্জ নেত্রকোণা মডেল থানা নেত্রকোণা সদর, উপজেলার সার্বিক আইন-শৃংখলা পরিস্থিতি নিয়ে সভায় বিষদ আলোচনা করেন। উক্ত আলোচনায় এই বিষয়টি স্পষ্ট হয় যে, নেত্রকোণা সদর, উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি স্বাভাবিক রয়েছে। তাছাড়া সরকারের মাদক নির্মূল অভিযানকে সফল করতে সকল ইউপি চেয়ারম্যান ও সুশীল সমাজের গণ্যমান্য ব্যক্তিবর্গকে প্রয়োজনীয় তথ্য দিয়ে পুলিশে সহায়তা করার জন্য অনুরোধ করেন। উক্ত বিষয়ের উপর বিস্তারিত আলোচনান্তে ব্যাপক প্রচার ও গণজাগরণের লক্ষ্যে মাদক নির্মূল করতে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করার সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় সকলকে আবারও ধন্যবাদ জানিয়ে সভাপতি মহোদয় প্রত্যেকের উপর অর্পিত দায়িত্ব সুষ্ঠু ও সুন্দরভাবে পালনের আশাবাদ ব্যক্ত করে সভার সমাপ্তি ঘোষণা করেন।



মহিলা ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ

ও
সভাপতি
আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা।
তারিখঃ ১৮.০৮.২০২১ খ্রিঃ।

স্মারক নং- ০০৮

স্মরণীয় সদয় জ্ঞাতার্থেঃ

- ০১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০২। উপজেলা নির্বাহী অফিসার, নেত্রকোণা সদর, নেত্রকোণা।
- ০৩। ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নেত্রকোণা সদর, নেত্রকোণা।


অফিসার ইনচার্জ
নেত্রকোণা মডেল থানা

ও
সদস্য সচিব
আইন-শৃংখলা বিষয়ক স্ট্যান্ডিং কমিটি
নেত্রকোণা সদর, নেত্রকোণা।